

জাবিপ্রবিতে অ্যাস্বুলেন্সের দাবিতে শিক্ষার্থীদের বিক্ষেপণ ও মানববন্ধন

কাজী মো. ইসমাইল হোসেন, কন্ট্রিভিউটিং রিপোর্টার,
জাবিপ্রবি

প্রকাশিত: ২০:৫৬, ৭ জুলাই ২০২৫



×

জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (জাবিপ্রবি)তে অ্যাস্বুলেন্সের দাবিতে বিক্ষেপণ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

×

সোমবার (৭ জুলাই) দুপুর ২টার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এই কর্মসূচি পালন করেন সাধারণ শিক্ষার্থীরা। আন্দোলনকারীরা বলেন, ইতোপূর্বে অ্যাসুলেন্সের দাবিটি জানিয়ে আসলেও প্রশাসন কার্য্যকর ব্যবস্থা নেয়নি, বরং শিক্ষকদের গাড়িকে বিকল্প হিসেবে ব্যবহারের নির্দেশ দেয়, যা জটিলতা ও হয়রানির সৃষ্টি করছে।

ব্যবস্থাপনা বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী লিটর্ন আকন্দ বলেন, “আমাদের ৩১ দফা দাবির মধ্যে অন্যতম ছিল অ্যাসুলেন্স প্রদান। প্রশাসন শিক্ষকদের গাড়িকে ‘অ্যাসুলেন্স সার্ভিস’ হিসেবে দেখিয়ে জটিল প্রশাসনিক প্রক্রিয়া চাপিয়ে দিচ্ছে, যা অসুস্থ শিক্ষার্থীদের জন্য ভোগান্তির কারণ হয়ে দাঁড়িয়েছে। আজকে আমরা শান্তিপূর্ণ আন্দোলন করলাম। আগামী সাত দিনের মধ্যে কার্য্যকর পদক্ষেপ না নিলে আমরা আরও কঠোর কর্মসূচিতে যাব।

একই বিভাগের শিক্ষার্থী যিনাত মিয়া আজিজুল বলেন, “কিছুদিন আগে এক ছাত্রী অসুস্থ হলে ৩৫ মিনিট পরেও গাড়ি মেলেনি। এমনকি এক ছাত্র হলের হামজা ভাই অসুস্থ হলে তাঁকে বাইকে করেই হাসপাতালে নিতে হয়। ড্রাইভারকে ফোন দিলে তিনি মেলান্দহে থাকার কথা জানান।”

×

“জীবন-মৃত্যুর প্রশ্নে অবহেলা কেন?” প্ল্যাকার্ড হাতে নিয়ে বিভিন্ন প্রতিবাদী স্লোগানে সামিল হন সাধারণ শিক্ষার্থীরা।

শিক্ষার্থীরা জানিয়েছেন, এই আন্দোলন শান্তিপূর্ণ হলেও সাত দিনের মধ্যে প্রশাসন কার্য্যকর ব্যবস্থা না নিলে শিক্ষার্থীরা কঠোর অবস্থানে যেতে বাধ্য হবেন তারা।